GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF ROAD TRANSPORT AND BRIDGES

ROADS AND HIGHWAYS DEPARTMENT

# Resettlement Actions Plan for Chachra Intersection Improvement under Package (SP-06) (RHD)
## As an Additional Works
## Western Economic Corridor and Regional Enhancement (WeCARE) Program




পুনর্বাসন কর্মপরিকল্পনার প্রশাসনিক
সারসংক্ষেপ চাঁচড়া ইন্টারসেকশন

**সেপ্টেম্বর ২০২৫**

JOINT VENTURE OF
STUP CONSULTANTS PVT. LIMITED (STUP), INDIA

BCL ASSOCIATES LIMITED (BCL), BANGLADESH

Office of The Project Director (ACE,RHD) WeCARE Phase-1: Jhenaidah-Jashore Highway (N-7) Improvement Project Allenbari, Tejgaon, Dhaka

# নির্বাহী সারসংক্ষেপ

## ক. প্রকল্পের বর্ণনা

১. Western Economic Corridor and Regional Enhancement (WeCARE) কর্মসূচীর আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে ফেজ-১ এর অধীন চাঁচড়া ইন্টারসেকশন উন্নয়ন সাব-প্রজেক্টটি হাতে নেওয়া হয়েছে। উইকেয়ার ফেজ-১ এর অধীনে ঝিনাইদহ-যশোর মহাসড়ক সেকশনটি একটি গুরুত্বপূর্ণ পশ্চিমাঞ্চলীয় সংযোগ। এটি উত্তর দিকে বনপাড়া-ঝিনাইদহ মহাসড়ক এবং পূর্ব দিকে ভাঙ্গা-বেনাপোল মহাসড়ক সেকশনকে সংযুক্ত করেছে। আশা করা হচ্ছে যে প্রকল্পের রাস্তার উন্নতির ফলে পশ্চিম করিডোর বরাবর অর্থনৈতিক উন্নয়ন উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে। চাঁচড়া ইন্টারসেকশনের মোট দৈর্ঘ্য ২.০০ কিমি যা (ক) চেইনেজ ৪৬ কিঃমিঃ + ৮০০ মিঃ থেকে চেইনেজ ৪৭ কিঃমিঃ + ৬০০ মিঃ এবং (খ) চেইনেজ ৯৭ কিঃমিঃ + ৬০০ মিঃ থেকে ৯৮ কিঃমিঃ + ৮০০ মিঃ সমন্বয়ে গঠিত। জলবায়ু স্থিতিস্থাপকতা নিশ্চিত করতে, দুর্ঘটনা ও যানজট কমাতে, যাত্রীর ভ্রমন ও পণ্য পরিবহনের সময় কমাতে, চাঁচড়া ইন্টারসেকশনের চূড়ান্ত নকশা অনুসারে এটিকে ২-লেনের একক ক্যারেজওয়ে থেকে একটি পরিকল্পিত ইন্টারসেকশনে উন্নীত করা হবে। চাঁচড়া ইন্টারসেকশন উন্নয়ন প্রকল্পে অন্তর্ভুক্ত থাকবে (ক) ধীর গতির চলাচলকারী যানবাহন (এসএমভিটি) এবং ধীর-গতির যারবাহন ও ঝুঁকিপূর্ণ সড়ক ব্যবহারকারীদের জন্য উভয়পার্শ্বে পৃথক পরিষেবা রাস্তা (খ) অপটিক্যাল ফাইবার কেবল (ওএফটি) (গ) নিরাপদ করিডর কার্যক্রম প্রদর্শন (এসসিডিপি) সহ (ঘ) ইন্টেলিজেন্ট ট্র্যাফিক সিস্টেম (আইটিএস) স্থাপন।

## খ. পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) এর উদ্দেশ্য

২. এই পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) চাঁচড়া ইন্টারসেকশন উন্নয়ন এলাকার আদমশুমারি, ক্ষয়ক্ষতির তালিকা (IOL), আর্থ-সামাজিক জরিপ, সামাজিক প্রভাব মূল্যায়ন এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাথে অর্থপূর্ণ পরামর্শের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) তে চাঁচড়া ও মন্ডলগাছি মৌজায় ভূমি অধিগ্রহণের প্রভাব এবং চাঁচড়া (ইন্টারসেকশন) উন্নয়ন প্রকল্পের সাথে সম্পর্কিত অনিচ্ছাকৃত পুনর্বাসনের প্রভাব সঠিকভাবে নথিভুক্ত করার জন্য আদমশুমারি এবং ক্ষয়ক্ষতির তালিকা (আইওএল), জরিপের ফলাফলে অন্তর্ভুক্ত করা হয়েছে। পুনর্বাসন কর্মপরিকল্পনার মূল উদ্দেশ্য হল প্রকল্প কর্তৃক সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের নিশ্চিতভাবে যে সমস্ত বিষয়সমূহ সম্পর্কে অবগত করা তা হলো-(ক) বিভিন্ন ধরনের ক্ষয়ক্ষতিসমূহ এবং ভৌত অবকাঠামো এবং/অথবা অর্থনৈতিক স্থানচ্যুতির জন্য বিভিন্ন ধরনের প্রাপ্যতা (এনটাইটেলমেন্ট) ও বিকল্প প্রদানের বিধান। উল্লেখিত ক্ষয়ক্ষতির বিপরীতে তাদেরকে ক্ষতিপূরণ, পুনর্বাসন সুবিধাদি, স্থানান্তর, পুনর্বাসনে সহায়তা প্রদান করবে ইত্যাদি বিষয়সমূহ সম্পর্কে অবহিত করা হবে। পুনর্বাসনের বিকল্প এবং পছন্দ সম্পর্কে প্রকল্পে ক্ষতিগ্রস্ত ব্যক্তি (PAP)-দের সাথে পরামর্শ করা হয়েছিল এবং ভৌত অবকাঠামো স্থানান্তর সহায়তা কমিটি এবং (iNGO)-দের কাছ থেকে উপলব্ধ সহায়তা সম্পর্কে তথ্য সরবরাহ করা হয়েছিল। তাদের সম্পূর্ণ প্রতিস্থাপন মূল্য/খরচে ক্ষতিপূরণ দেওয়া হবে এবং তাদের জীবিকা এবং জীবনযাত্রার মান পুনরুদ্ধার বা উন্নত করতে সহায়তা করা হবে।

৩. চাঁচড়া ইন্টারসেকশন উন্নয়ন প্রকল্পটি চাঁচড়া ইন্টারসেকশন প্রকল্পের চূড়ান্ত নকশার প্রয়োজনীয়তা অনুসারে ঝিনাইদহ-যশোর মহাসড়ক এবং বেনাপোল থেকে ভাঙ্গা মহাসড়কের সম্ভাব্য ব্যবহারকারীদের বাস্তব চাহিদা পূরণ করবে।

৪. স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অইন ২০১৭ এবং বিশ্বব্যাংকের পরিবেশগত ও সামাজিক মানদন্ড (ESS-১, ২, ৫, ৭ এবং ১০) অনুসরণ করে পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) প্রস্তুত করা হয়েছে।

৫. পুনর্বাসন কর্মপরিকল্পনায় বর্ণিত প্রাসঙ্গিক আইন, নীতি এবং প্রাপ্যতা সারণী অনুসারে জমি, অবকাঠামো, আয় এবং অন্যান্য সম্পদের ক্ষতির জন্য ন্যায্য এবং সময়োপযোগী ক্ষতিপূরণ নিশ্চিত করতে এনটাইটেলমেন্ট প্যাকেজ উপস্থাপন করা হয়েছে।

৬. কীভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের, বিশেষ করে ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর জন্য জীবিকা পুনরুদ্ধার এবং পুনর্বাসন ব্যবস্থা বাস্তবায়নের মাধ্যমে তাদের প্রকল্প-পূর্ব আয়ের স্তর পুনরুদ্ধার বা তার চেয়েও আয়ের স্তরকে উন্নত করতে পারে, এই পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) সেই বিষয়ে রূপরেখা প্রদান করেছে।

৭. পুনর্বাসন কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সাথে সম্পাদিত পরামর্শ সভার সিদ্ধান্তের সারসংক্ষেপ এই পুনর্বাসন কর্ম-পরিকল্পনা উপস্থাপন করা হয়েছে। পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রক্রিয়া ও সিদ্ধান্ত গ্রহণে তাদের উদ্বেগগুলিকে অন্তর্ভুক্তকরণ সম্পর্কেও এই পুনর্বাসন কর্ম-পরিকল্পনায় রূপরেখা প্রদান করা হয়েছে।

৮. পুনর্বাসন কর্মপরিকল্পনায় অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা (GRM) অন্তর্ভুক্ত রয়েছে যা একটি সহজগম্য এবং স্বচ্ছ অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা হিসাবে পুনর্বাসন সম্পর্কিত উদ্বেগ এবং বিরোধগুলি সময়মত সমাধান করতে পারবে।

৯. পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP)-বাস্তবায়নের কার্যকারিতা মূল্যায়ন এবং সফল ফলাফল নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য পর্যবেক্ষণ এবং মূল্যায়ন ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হয়েছে।

## গ. ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন

১০. মোট প্রয়োজনীয় জমির পরিমাণ ৩৩.৩১৫২ একর। ৩৩.৩১৫২ একরের মধ্যে, প্রস্তাবিত ব্যক্তিগত জমির পরিমাণ ১২.৯৪৪৮ একর এবং সরকারি জমি ২০.৩৭০৪ একর (যার মধ্যে রয়েছে (আরএইচডি)-এর জমি ১৬.০১০৩ একর এবং ক্ষতিগ্রস্ত সরকারি জমি ৪.৩৬০১ একর সহ যথাক্রমে কাস্টম অফিস, বিএডিসি (সেচ) এবং মৎস্য গবেষণা ইনস্টিটিউটের মালিকানাধীন ১.৮৯২, ১.৪৯৬৩ এবং ০.৯৭২ একর অন্তর্ভুক্ত)।



Office of The Project Director (ACE,RHD) WeCARE Phase-1: ... Highway (N-7) Improvement Project, Allenbari, Tejgaon, Dhaka

১১. আদমশুমারি, ক্ষয়ক্ষতির তালিকা (IOL), আর্থ-সামাজিক জরিপ এবং পরবর্তী তদন্তের ফলাফল অনুসারে, মোট ২৭৪টি ক্ষতিগ্রস্ত এবং জরিপকৃত গৃহস্থালী রয়েছে। এছাড়াও, ইতোপূর্বে দুটি অনুপস্থিত গৃহস্থালি হিসেবে উল্লেখ করা হলেও, সর্বশেষ পর্যায়ে তাদেরকে অন্যান্য সত্তা হিসাবে পুনঃশ্রেণীকরণ করা হয়েছে। খসড়া পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) সংস্করণ১ এবং ২ এ বলা হয়েছে যে, চাঁচড়া ইন্টারসেকশন এলাকায় দুটি প্রকল্পে ক্ষতিগ্রস্ত গৃহস্থালী/ব্যক্তি (PAP) অনুপস্থিত ছিলেন। তবে, প্রস্তাবিত জমির জন্য "চ" ফর্মগুলি পরীক্ষা করার সময় তাদের টাইটেলড পিএপি শিরোনামে পাওয়া গেছে। পরবর্তীকালে, ২ জন অনুপস্থিত PAP -এর বিষয়টি পুনঃতদন্ত করা হয়েছে এবং দেখা গেছে যে তারা ক্ষতিগ্রস্ত গৃহস্থালী ছিল না, বরং তাদের ক্ষতিগ্রস্ত সম্পদ ক্ষতিগ্রস্ত অন্যান্য সত্তার সাথে সাদৃশ্যপূর্ণ। এই দুটি ক্ষতিগ্রস্ত অন্যান্য সত্তার নাম হল- (১) নাভারন প্রিন্টিং অ্যান্ড প্যাকেজ লিমিটেড, এবং (২) আদ-দ্বীন সাকিনা মেডিকেল কলেজ। ফলস্বরূপ, তাদের ক্ষতিগ্রস্ত অন্যান্য সত্তা হিসাবে বিবেচনা করা হয়েছে এবং পুনর্বাসন কর্মপরিকল্পনার চূড়ান্ত সংস্করণের সারণী ২-১৫-এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

১২. এই টাইটেলড অন্যান্য প্রতিষ্ঠানগুলিকে যশোরের ডিসি অফিস কর্তৃক ক্ষতিপূরণ দেওয়া হবে। ডিসি অফিস থেকে ক্ষতিপূরণ প্রদানের পর, তারা RHD;PIU থেকেও প্রযোজ্য ক্ষেত্রে পুনর্বাসন সুবিধাদি পাবেন, কারণ আদমশুমারি এবং IOL জরিপের সময় জরিপকারীরা তাদের ক্ষতিগ্রস্ত কাঠামোর বিস্তারিত পরিমাপ রেকর্ড করেছিলেন। যৌথ যাচাইকরণ প্রক্রিয়ার সময়, তাদের প্রভাবিত জমি এবং অবকাঠামোর পরিমাপ মূল্যায়ন এবং যৌথ যাচাইকরণ ফিল্ড বুক (JVFB) এ নথিভুক্ত করা হবে। জেলা প্রশাসক (DC) ক্ষতিগ্রস্ত জমি এবং কাঠামোর জন্য অন্যান্য টাইটেলড পিএপি-এর মতো তাদের আইন সম্মত নগদ ক্ষতিপূরণ প্রদান করবেন, যদি তারা অনুমোদিত PAP-এর তালিকায় অন্তর্ভুক্ত থাকে। অর্থাৎ, তারা যশোরের ডিসি অফিস থেকে তাদের সম্পূর্ণ প্রাপ্যতা পাওয়ার পূর্ণ সুযোগ পাবে। অধিকন্তু, পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময়, আইএনজিও কর্মীরা "চ" ফর্মগুলি পরীক্ষা করে তাদের ঠিকানা সংগ্রহ করবেন যাতে তারা প্রকল্পের প্রভাব এবং জনসংখ্যাতাত্ত্বিক তথ্য সহ প্রাসঙ্গিক তথ্য সংগ্রহের জন্য আদমশুমারি এবং আইওএল জরিপ সহ প্রতিকারমূলক জরিপের মাধ্যমে তাদের ঠিকানাগুলি অন্তর্ভুক্ত করতে পারে। আইএনজিও -এর সহায়তায় আরএইচডি;পিআইইউ তাদের যত তাড়াতাড়ি সম্ভব জেলা প্রশাসকের কাছ থেকে ক্ষতিপূরণ পেতে এবং পুনর্বাসনের সুবিধা প্রদান করতে সহায়তা করবে। এই ব্যবস্থা বজায় থাকার পাশাপাশি তাদের ক্ষতিপূরণ ধরে রাখার জন্য রিজার্ভ বা এসক্রো অ্যাকাউন্ট স্থাপনের ও ব্যবস্থা রয়েছে।

**সারণি ০-১: চাঁচড়া ইন্টারসেকশন প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের সারসংক্ষেপ**

| ক্রমিক নং | বিবরণ | | জমির পরিমাণ (একর) | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ব্যক্তিগত জমি | সরকারি সংস্থার জমি | আরএইচডি | মোট সরকারি জমি | মোট |
| ১. | মোট প্রয়োজনীয় জমি | | ১২.৯৪৪৮ | ৪.৩৬০১ | ১৬.০১০৩১৬ | ২০.৩৭০৪২০ | ৩৩.৩১৫২ |
| ২. | সরকারি সংস্থার জমির অংশ | কাস্টম অফিস | | ১.৮৯১৮ | | | ২.৪১২ |
| | | বিএডিসি (সেচ) | | ১.৪৯৬৩ | | | ১.০৩৭ |
| | | মৎস্য গবেষণা ইনস্টিটিউট | | ০.৯৭২ | | | ১.০২১ |
| | *মোট* | | *১২.৯৪৪৮* | *৪.৩৬০১* | *১৬.০১০৩* | *২০.৩৭০৪* | *৩৩.৩১৫২* |
| | *%* | | *৩৮.৮৬* | *১৩.০৯* | *৪৮.০৬* | *৬১.১৪* | *১০০* |

## ঘ. আর্থ-সামাজিক প্রোফাইল

১৩. ক্ষতিগ্রস্ত জনগণের আর্থ-সামাজিক প্রোফাইল নিম্নে উপস্থাপন করা হলোঃ

**অ. ক্ষতিগ্রস্ত গৃহস্থালী ও জনসংখ্যার লিঙ্গ ভিত্তিক বিন্যাস-** চাঁচড়া ইন্টারসেকশন এলাকায় মোট ২৭৬টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালী/সত্তা রয়েছে যার মধ্যে দুটি অনুপস্থিত অন্যান্য সত্তা অন্তর্ভুক্ত রয়েছে। ২৭৪টি গৃহস্থালী (৯৯.২৮%) আদমশুমারি, ক্ষয়ক্ষতির তালিকা (আইওএল) এবং আর্থ-সামাজিক জরিপে অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতিমধ্যেই দুটি অনুপস্থিত অন্যান্য সত্তা সম্পর্কে বর্ণনা করা হয়েছে। তাদেরকে টাইটেলড অন্যান্য সত্তা হিসাবে সনাক্ত করা হয়েছে। যৌথ যাচাইকরণ প্রক্রিয়া তাদের ক্ষতিগ্রস্ত জমি এবং অবকাঠামোর পরিমাণ মূল্যায়ন করবে এবং যৌথ যাচাইকরণ ফিল্ড বুক (JVFB) এ ফলাফলগুলি নথিভুক্ত করবে। বাংলাদেশে জমি অধিগ্রহণের জন্য ক্ষতিপূরণ প্রদান প্রক্রিয়া প্রায়শই বিলম্বিত হয়। এর কারণগুলি হল অসম্পূর্ণ আবেদন এবং চলমান আইনি বিরোধ। একটি এসক্রো অ্যাকাউন্ট এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স অনুসারে টপ-আপ এবং পুনর্বাসন সুবিধাদি বিতরণে সহায়তা করতে পারে। এটি স্পষ্ট করা গুরুত্বপূর্ণ যে ২৭৪টি সঠিকভাবে চিহ্নিত এবং জরিপ করা গৃহস্থালী রয়েছে। জরিপে ক্ষতিগ্রস্ত ২৭৪টি পরিবারের মধ্যে, ২৩৯টি (৮৭.২৩%) গৃহস্থালী পুরুষ-প্রধান এবং ৩৫টি (১২.৭৭%) মহিলা-প্রধান গৃহস্থালী। মোট ক্ষতিগ্রস্ত জনসংখ্যা ১,২০৫ জন, যার মধ্যে ক্ষতিগ্রস্ত পুরুষ ও মহিলা জনসংখ্যা যথাক্রমে ৬৩৬ জন (৫২.৭৮%) এবং ৫৬৯ জন (৪৭.২২%), (সারণী ৩-১ এবং সারণী ৩-২)।

**আ. গৃহস্থালীর আকার এবং লিঙ্গ অনুপাতঃ প্রকল্প এলাকায় ক্ষতিগ্রস্ত জনসংখ্যার** গড় গৃহস্থালীর আকার ৪.৪ এবং লিঙ্গ অনুপাত, ১১১.৭৮ (সারণী ৩-২),

**ই.** ধর্ম অনুসারে জনসংখ্যার বণ্টনঃ ইসলাম ও হিন্দু ধর্মালম্বী জনসংখ্যা ও শতকরা হার (%) যথাক্রমে-১,১৭৮ (৯৭.৭৬%), এবং ২৭, (২.২৪%), (সারণী ৩-৪)

**ঈ. নির্ভরতা অনুপাতঃ** নির্ভরতা অনুপাত মাত্র ৪১.২৭% [(৩৫২*১০০)/৮৫৩ হিসাবে গণনা করা হয় (সারণী ৩-৫)]

**উ. ৭ বছর ঊর্ধ্ব জনসংখ্যার শিক্ষাঃ** সাক্ষর এবং নিরক্ষর জনসংখ্যা যথাক্রমে ৯৬.২২% এবং ৩.৭৮% (সারণী ৩-৭)

**ঊ. ক্ষতিগ্রস্ত গৃহস্থালরি প্রধানদের পেশাঃ** ক্ষতিগ্রস্ত গৃহস্থালীর প্রধানদের মূল প্রাথমিক পেশাগুলির মধ্যে রয়েছেঃ



The Project Director (ACE,RHD) WeCARE Phase-1: Jashore-Jhenaidah Highway Improvement Project Allenbari, Tejgaon, Dhaka

(ক) ব্যবসা (পুরুষ)- ১৬৪ (৫৯.৮৫%),

(খ) শিক্ষকতা (পুরুষ ও মহিলাদের দ্বারা) যথাক্রমে ৮.৭৬% এবং ০.৩৬%),

(গ) সেবা/কর্মসংস্থান (পুরুষ ও মহিলা) যথাক্রমে ১০.৫৮% এবং ২.১৯%, এবং

(ঘ) গৃহিণী (৬.৫৭%) গৃহস্থালির কাজ করে, গৃহস্থালীর শিশু এবং বয়স্ক সদস্যদের যত্ন নেয় এবং গৃহস্থালী পরিচালনা করে (সারণী ৩-৮)।

**ঋ. ক্ষতিগ্রস্ত গৃহস্থালীগুলির বার্ষিক আয়-** আদমশুমারি এবং আইওএল জরিপের বার্ষিক আয়ের তথ্য অনুসারে, ২৭৪টি গৃহস্থালী থেকে বার্ষিক আয়ের তথ্য সংগ্রহ করা হয়েছিল। আরএপি এর চূড়ন্ত সংস্করণে অনুপস্থিত দুটি অন্যান্য সত্তা চিহ্নিত ও অন্তর্ভুক্ত করা হয়েছে। পুনর্বাসন কর্মপরিকল্পনা পরামর্শ দেয় যে, পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময় পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী (NGO) দ্বারা প্রতিকারমূলক জরিপ হিসাবে আদমশুমারি এবং আইওএল জরিপের প্রশ্নাবলী ব্যবহারের মাধ্যমে জরিপ পরিচালনা করে অনুপস্থিত দুটি অন্যান্য সত্তাকে অন্তর্ভুক্ত করা হবে। বার্ষিক আয় (টাকা) অনুসারে ক্ষতিগ্রস্ত গৃহস্থালীর বন্টন সারণি ৩-১০ এ দেওয়া হল।

(ক) সর্বোচ্চ সংখ্যা এবং শতাংশ হল ৮৭টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালী (৩১.৭৫%) যাদের বার্ষিক আয়ের পরিমাণ হল; ৩০০,০০১ – ৫০০,০০০ টাকা, মোট বার্ষিক আয় ৩৪৫৭০০০০ টাকা এবং গড় বার্ষিক আয় ৩৯৬,৫১৭ টাকা,

(খ) ৭৮টি (২৮.৪৭%) ক্ষতিগ্রস্ত গৃহস্থালী যাদের বার্ষিক আয়ের পরিমাণ হল (১) ৫০০,০০১ – ১০,০০,০০০ টাকা, মোট বার্ষিক আয় ৫৬৯৫১৭৩৬ টাকা যার গড় বার্ষিক আয় ৪১,৯১,৯৪০ টাকা,

(গ) ৬১ টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালী (২২.২৬%) যাদের বার্ষিক আয়ের পরিসর হল (১) ১০,০০,০০১ টাকা এবং তার বেশি, মোট বার্ষিক আয় ২৫৫৭০৮৩১২ টাকা, গড় বার্ষিক আয় ১৩,০৭,৮৬৬ টাকা।

**এ. মাসিক ব্যয়-** মাসিক ব্যয়ের উপর আদমশুমারি এবং আইওএল জরিপের তথ্য অনুসারে, ২৭৪টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালীর কাছ থেকে মাসিক ব্যয়ের তথ্য সংগ্রহ করা হয়েছিল, যেখানে আদমশুমারি এবং আইওএল জরিপের সময় অনুপস্থিত অন্য দুটি অন্যান্য সংস্থার কাছ থেকে মাসিক ব্যয়ের তথ্য সংগ্রহ করা যায়নি। পুনর্বাসন কর্মপরিকল্পনা পরামর্শ দেয় যে, পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নের সময় প্রতিকারমূলক জরিপ হিসাবে পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নকারী এনজিও কর্তৃক আদমশুমারি এবং আইওএল জরিপের প্রশ্নাবলী ব্যবহার করে জরিপ পরিচালনা করে মাসিক ব্যয়ের তথ্যাবলি সংগ্রহ করা হবে। মাসিক ব্যয় অনুসারে ক্ষতিগ্রস্ত গৃহস্থালীর বন্টন নীচে দেওয়া হল এবং (পরিশিষ্ট সারণী ৩-১):

(ক) সর্বোচ্চ সংখ্যা এবং শতাংশ হল ১০৬টি গৃহস্থালী (৩৮.৬৯%) যাদের মাসিক ব্যয়ের পরিসরে রয়েছে (১) ২০,০০১-৩৫,০০০ টাকা, মোট মাসিক ব্যয় ২৯০০৮৯০ টাকা এবং গড় ২৭৩৬৬.৮৯ টাকা (পরিশিষ্ট সারণী ৩-১)।

(খ) ৬৪ টি (২৩.৩৬%) ক্ষতিগ্রস্ত গৃহস্থালি যাদের মাসিক ব্যয়ের পরিসরের মধ্যে রয়েছে (১) ৩৫,০০১ থেকে ৫৫,০০০ টাকা, মোট মাসিক ব্যয় ২৭৩৬৩০০ টাকা এবং গড় ৪২৭৫৪.৬৯ টাকা (পরিশিষ্ট সারণী ৩-১)।

(গ) ৪৩টি (১৫.৬৯%) ক্ষতিগ্রস্ত গৃহস্থালি যাদের মাসিক ব্যয়ের পরিসরের মধ্যে রয়েছে (১) ১২,১৫১ থেকে ২০,০০০ টাকা, মোট মাসিক ব্যয় ৭৪৩৫০৮.৩৪ টাকা এবং গড় ১৭২৯০.৮৯২ টাকা পরিশিষ্ট ৩ (সারণী ৩-১)।

## ঙ. প্রকল্পের প্রভাবসমুহ

১৪. চাঁচড়া ইন্টারসেকশন উন্নয়ন প্রজেক্ট এলাকায় মোট ২৮৫টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালী এবং প্রতিষ্ঠান রয়েছে। নীচে তালিকাভুক্ত করা হল:

**অ. ক্ষতিগ্রস্ত গৃহস্থালী:** মোট ২৭৪টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালী, ২৭৪টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালীর মধ্যে ১৫৫টি (৫৬.৫৭%) টাইটেলড, ১১৩টি (৪১.২৪%) নন-টাইটেলড, এবং ৬টি (২.১৯%) অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালী (সারণী ২-৭)। প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত ২টি অন্যান্য সত্তা, জমি এবং অবকাঠামো উভয়ই হারাবেন। আদমশুমারি এবং IOL জরিপ প্রশ্নাবলী ব্যবহার না করে উপরোক্ত ২টি অনুপস্থিত অন্যান্য সত্তার ক্ষতিগ্রস্ত অবকাঠামোর পরিমাপ এবং IOL জরিপ প্রশ্নাবলীর বিকল্প হিসেবে কাগজে উক্ত ক্ষতিগ্রস্ত অবকাঠামোর পরিমাপ নথিভুক্ত করা হয়েছে। তাদের ক্ষতিগ্রস্ত বাণিজ্যিক এবং আবাসিক জমির পরিমাণ "চ" ফর্মগুলিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**আ. ক্ষতিগ্রস্ত আবাসিক গৃহস্থালি:** প্রকল্পটি ৫০টি আবাসিক গৃহস্থালির উপর প্রভাব ফেলবে যার মধ্যে ৪৬টি টাইটেলড এবং ৪টি নন-টাইটেলড গৃহস্থালি অন্তর্ভুক্ত (সারণী ২-৭)।

**ই. ক্ষতিগ্রস্ত গৃহস্থালী যেগুলো বাণিজ্যিক প্রাঙ্গণ এবং/অথবা ব্যবসা হারাচ্ছে:** বাণিজ্যিক প্রাঙ্গণ এবং/অথবা ব্যবসা হারাচ্ছে এমন ক্ষতিগ্রস্ত গৃহস্থালীগুলির মোট সংখ্যা ১৭২টি (যার মধ্যে যথাক্রমে ৬২টি টাইটেলড গৃহস্থালী, ১০৮টি নন-টাইটেলড গৃহস্থালী এবং ২টি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালী অন্তর্ভুক্ত রয়েছে **(সারণী ২-৭)**।

**ঈ. আবাসিক-কাম-বাণিজ্যিক প্রাঙ্গণ এবং/অথবা ব্যবসা হারাচ্ছে এমন ক্ষতিগ্রস্ত গৃহস্থালী:** আবাসিক-কাম-বাণিজ্যিক প্রাঙ্গণ এবং/অথবা ব্যবসা হারাচ্ছে এমন ক্ষতিগ্রস্ত গৃহস্থালীগুলির মোট সংখ্যা ৫৩টি (যার মধ্যে যথাক্রমে ৪৯টি টাইটেলড গৃহস্থালী, ১টি নন-টাইটেলড গৃহস্থালী এবং ৩টি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালী রয়েছে **(সারণি ২-৩ ও ২-৭)**।

**উ. ক্ষতিগ্রস্ত কমিউনিটি প্রপার্টি রিসোর্স (সিপিআর):** মোট ক্ষতিগ্রস্ত কমিউনিটি প্রপার্টি রিসোর্স ৫টি (পাঁচ) যার মধ্যে চাঁচড়া মৌজায় ৪ (চার)টি সিপিআর এবং মন্ডলগাছি মৌজায় ১(এক)টি সিপিআর রয়েছে **(সারণী ২-৬ এবং সারণি ২-৭)**।

**ঊ. ক্ষতিগ্রস্ত সরকারী এবং অন্যান্য সত্তা:** ৬টি (ছয়) ক্ষতিগ্রস্ত সরকারী এবং অন্যান্য সত্তা রয়েছে **(সারণী ২-৬ এবং সারণী ২-৭)**।

**ঋ. ক্ষতিগ্রস্ত ঝুঁকিপূর্ণ গৃহস্থালি:** মোট ২৭৪টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালির মধ্যে ২০টি ঝুঁকিপূর্ণ গৃহস্থালি যার সকলেই চাঁচড়া মৌজায় পড়েছে।

Office of The Project Director (ACE,RHD) WeCARE Phase-1: Jhenaidah-Jashore Highway Improvement Project, Allenbari, Tejgaon, Dhaka

**এ. আবাসিক, বাণিজ্যিক এবং আবাসিক-কাম-বাণিজ্যিক অবকাঠামোর ক্ষতিগ্রস্ত মালিকরা ভাড়ার আয় হারাচ্ছেন:** প্রকল্পের কারণে আবাসিক, বাণিজ্যিক এবং আবাসিক-কাম-বাণিজ্যিক অবকাঠামোর মোট ১২৫ জন মালিক (৯৭ জন টাইটেলড, ২৫ জন নন-টাইটেলড, ৩টি অনুপ্রবেশকারী/আগত দখলদাকারী গৃহস্থালী এবং ৩টি সিপিআর সহ) তাদের ভাড়ার আয় হারাবেন (সারণী ২-৭ এবং সারণি ২-১৬)

**ঐ. ক্ষতিগ্রস্ত ভাড়াটে:** চাঁচড়া মোড়ে মোট ৩৩৩ জন ভাড়াটে ক্ষতিগ্রস্ত হবেন। ৩৩৩ জন ক্ষতিগ্রস্ত ভাড়াটেদের মধ্যে ৩১১জন (৯৩.৩৯%) ক্ষতিগ্রস্ত ভাড়াটে ১২৫টি গৃহস্থালীর অবকাঠামো ভাড়া নিয়েছিলেন (৩১১জন ক্ষতিগ্রস্ত ভাড়াটেদের তালিকা পরিশিষ্ট টেবিল ১-১৫, ১-১৬, ১-১৭, ১-১৮, ১-১৯, ১-২০)-তে দেওয়া হয়েছে, এবং ২২টি ক্ষতিগ্রস্ত ভাড়াটে ৩টি সিপিআর থেকে বাণিজ্যিক কাঠামো ভাড়া নিয়েছিলেন (সারণী ২-২২, এবং পরিশিষ্ট টেবিল ১-১৫, ১-১৬, ১-১৭, ১-১৮, ১-১৯, ১-২০)।

**ও. আবাসিক অবকাঠামোর ক্ষতিগ্রস্ত ভাড়াটে:** চাঁচড়া মোড় এলাকার আওতাধীন চাঁচড়া মৌজায় ৪টি ক্ষতিগ্রস্ত টাইটেলড গৃহস্থালীর মালিকানাধীন আবাসিক কাঠামোর সাথে ১২ জন ক্ষতিগ্রস্ত ভাড়াটে জড়িত (সারণী ২-২২)।

**ঔ. বাণিজ্যিক প্রাঙ্গণের ক্ষতিগ্রস্ত ভাড়াটে:** ৪২টি টাইটেলড গৃহস্থালি, ২৫টি নন-টাইটেলড গৃহস্থালি এবং ২টি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালি-এর মালিকানাধীন বাণিজ্যিক প্রাঙ্গণের ১৫৭জন ক্ষতিগ্রস্ত ভাড়াটে রয়েছেন। ১৫৭জন ক্ষতিগ্রস্ত ভাড়াটেদের মধ্যে, ১২২জন ক্ষতিগ্রস্ত ভাড়াটে ৪২টি টাইটেলড গৃহস্থালি -এর মালিকানাধীন বাণিজ্যিক প্রাঙ্গণের সাথে যুক্ত, ৩৩জন ক্ষতিগ্রস্ত ভাড়াটে ২৫টি নন-টাইটেলড গৃহস্থালি-এর মালিকানাধীন বাণিজ্যিক প্রাঙ্গণের সাথে যুক্ত, এবং ২জন ক্ষতিগ্রস্ত ভাড়াটে ২টি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালি-এর বাণিজ্যিক প্রাঙ্গণের সাথে যুক্ত (সারণী ২-১৯)।

**ৎ. আবাসিক-কাম-বাণিজ্যিক প্রাঙ্গণের ক্ষতিগ্রস্ত ভাড়াটে:** ৫১টি টাইটেলড আবাসিক-কাম-বাণিজ্যিক অবকাঠামোর সাথে ১৪২জন ক্ষতিগ্রস্ত ভাড়াটে জড়িত, ১টি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালির মালিকানাধীন আবাসিক-কাম-বাণিজ্যিক প্রাঙ্গণের সাথে ৩জন ভাড়াটে জড়িত। ১৪২জন ক্ষতিগ্রস্ত ভাড়াটেদের মধ্যে, ১৩৯জন ভাড়াটে ৫১টি টাইটেলড আবাসিক-কাম-বাণিজ্যিক অবকাঠামোর সাথে যুক্ত এবং ১টি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালীর মালিকানাধীন আবাসিক-কাম-বাণিজ্যিক প্রাঙ্গণের সাথে যুক্ত ৩জন ক্ষতিগ্রস্ত ভাড়াটে (সারণী ২-১৯)।

**অ(২). সিপিআর-এর বাণিজ্যিক প্রাঙ্গণের ক্ষতিগ্রস্ত ভাড়াটে:** তিনটি সিপিআর-এর মালিকানাধীন বাণিজ্যিক প্রাঙ্গণের সাথে যুক্ত ২২জন ভাড়াটে রয়েছে যার মধ্যে চাঁচড়া মৌজায় ২টি সিপিআর এবং মন্ডলগাছি মৌজায় ১টি সিপিআর রয়েছে (সারণী ২-১৯)।

**আ(২). ক্ষতিগ্রস্ত শ্রমিক:** প্রকল্পটি বাস্তবায়নে মোট ২৫২ জন শ্রমিককে ক্ষতিগ্রস্ত (প্রভাবিত) করবে (সারণী ২-১৮ এবং পরিশিষ্ট সারণী ১-১২, পরিশিষ্ট সারণী ১-১৩ এবং পরিশিষ্ট সারণী ১-১৪)।

**ই(২). ক্ষতিগ্রস্ত দক্ষ শ্রমিক:** ২৫২ জন ক্ষতিগ্রস্ত শ্রমিকের মধ্যে ১০৩ জন (৪০.৮৭%) দক্ষ শ্রমিক (সারণী ২-১৮)।

**ঈ(২). ক্ষতিগ্রস্ত অদক্ষ শ্রমিক:** ২৫২ জন ক্ষতিগ্রস্ত শ্রমিকের মধ্যে ১৪৯ জন (৫৯.১৩%) অদক্ষ শ্রমিক (সারণী ২-১৮)প

## চ. আয় ও জীবিকা প্রত্যর্পণ/পুনঃপ্রতিষ্ঠা পরিকল্পনা

১৫. **ক্ষতিগ্রস্ত ঝুঁকিপূর্ণ** গৃহস্থালী **এবং স্কোয়াটারদের জন্য আয়পুনরুদ্ধার অনুদান, এককালীন বিশেষ সহায়তা এবং প্রশিক্ষণ সহায়তা** প্রদানের বিষয় নিয়ে দেওয়া হল:

- ✓ আয় পুনরুদ্ধার অনুদানের জন্য প্রাপ্যতার পরিমাণ ২৭,০০০ টাকা*২০টি অসহায় গৃহস্থালির জন্য = ৫৪০,০০০ টাকা।
- ✓ ৫টি পুরুষ অসহায় গৃহস্থালির জন্য ১০,০০০ টাকা হারে এককালীন বিশেষ সহায়তার জন্য প্রাপ্যতার পরিমাণ = ৫০,০০০ টাকা (পরিশিষ্ট ২, সারণী ২-৯)।
- ✓ ৭টি মহিলা অসহায় গৃহস্থালির জন্য ১৫,০০০ টাকা হারে এককালীন বিশেষ সহায়তার জন্য প্রাপ্যতার পরিমাণ = ১০৫,০০০ টাকা (পরিশিষ্ট ২, সারণী ২-৯)।
- ✓ মোট ৭৭ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের জন্য প্রাপ্যতার পরিমাণ, যার মধ্যে ২০ জন অসহায় গৃহস্থালি কর্তৃক মনোনীত ২০ জন প্রশিক্ষণার্থী এবং ১১৩ জন স্কোয়াটারের মধ্যে ৫৭ জন সবচেয়ে নিঃস্ব স্কোয়াটার কর্তৃক মনোনীত ৫৭ জন প্রশিক্ষণার্থী অন্তর্ভুক্ত (সংযোজনী ২, সারণী ২-৯)।

১৬. উপরে উল্লিখিত তথ্যগুলি আদমশুমারি, আইওএল এবং বেসলাইন তথ্যের উপর ভিত্তি করে তৈরি।

## ছ. তথ্য প্রকাশ, পরামর্শ এবং জনসাধারণের অংশগ্রহণ

১৭. ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রাসঙ্গিক প্রয়োজনীয় তথ্য, যেমন, প্রকল্পের লক্ষ্য এবং উদ্দেশ্য, তাদের উপর সম্ভাব্য সামাজিক এবং পুনর্বাসনের প্রভাব সম্পর্কে অবহিত করা হয়েছিল। বিরানব্বই জন (৯২) পুরুষ এবং চুয়াল্লিশ জন (৫২) মহিলা সহ মোট একশত চুয়াল্লিশ (১৪৪) জন অংশগ্রহণকারীর সাথে তিনটি অংশীজন পরামর্শ সভা, চারটি (৪) ফোকাস গ্রুপ আলোচনা (এফজিডি) যার মধ্যে তিনটি (৩) পুরুষ ও মহিলাদের সমন্বয়ে এবং ১টি শুধু মহিলাদের সাথে; এবং একজন (১) মহিলা মূল তথ্যদাতা সহ সাতজন (৭) কী ইনফরম্যান্ট ইন্টারভিউ (কেআইআই) যা মার্চ ২০২৪ থেকে জুন ২০২৪ এর মধ্যে পরিচালিত হয়েছিল, তাদের মতামত, উদ্বেগ, পরামর্শ, ইত্যাদি প্রকাশ করার সুবিধার্থে এবং প্রকল্পে গৃহীত প্রশমন ব্যবস্থা সম্পর্কে তাদের জানাতে। (টেবিল ৩-১৮ এবং পরিশিষ্ট ৪, টেবিল ৪-১ থেকে টেবিল ৪-৫)।

## জ. নীতি ও আইনী পরিকাঠামো

১৮. চাঁচড়া ইন্টারসেকশন উন্নয়ন প্রজেক্টের জন্য এই পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) ২০২০ সালের মার্চ-এ প্রস্তুতকৃত পুনর্বাসন পলিসি

ফ্রেইম-ওয়ার্ক (RPF) অনুযায়ী প্রণয়ন করা হয়েছে, যা বাংলাদেশ সরকারের আইনি কাঠামো, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন ২০১৭ এবং বিশ্বব্যাংক এর পরিবেশগত ও সামাজিক মানদন্ড (ইএসএস-৫)-এর উপর ভিত্তি করে তৈরি।

## ঝ. এনটাইটেলমেন্ট, সহযোগিতা ও সুযোগ-সুবিধাদি

১৯. পুনর্বাসন কর্ম-পরিকল্পনার অনুমোদিত এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স অনুসারে ক্ষতিগ্রস্তদেরকে প্রাপ্যতা, সহায়তা ও পুনর্বাসন সুবিধাদি প্রদান করা হবে (সারণী ৪-১)।

## ঞ. স্থানান্তর ও পুনর্বাসন

২০. এই প্রকল্পের এলাইনমেন্ট বরাবর সম্পাদিত শুমারী, ক্ষয়ক্ষতির তালিকা প্রণয়ন (আইওএল),আর্থ-সামাজিক জরিপ ও অবকাঠামোগতভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের সাথে পরামর্শ সভার প্রতিক্রিয়ার ভিত্তিতে অন্যত্র স্থানান্তর অপশনসমূহ সনাক্ত করা হয়েছিল। ক্ষতিগ্রস্ত গৃহস্থালীগুলি তাদের ক্ষতিগ্রস্ত (প্রভাবিত) বাসস্থান এবং/অথবা ব্যবসার কাছাকাছি জায়গায় থাকতে পছন্দ করবে প্রধানতঃ নিম্নের কারণগুলির জন্য, যেমন (ক) তারা তাদের ক্ষতিগ্রস্ত না হওয়া জমি, সম্পদ এবং জীবিকা থেকে আয় উপার্জন বজায় রাখতে চায় এবং (খ) তাদের প্রতিবেশী এবং আত্মীয়দের কাছাকাছি ও পাশাপাশি থাকতে চায় ।

২১. **ক্ষতিগ্রস্ত আবাসিক গৃহস্থালী এবং অবকাঠামোর স্থানান্তর:** শুমারি এবং আইওএল জরিপের ফলাফল অনুসারে, মোট ৫০টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালী (৪৬ টি টাইটেলড এবং ৪টি নন-টাইটেলড গৃহস্থালী সহ) তাদের বাসস্থান হারাবে। মোট ৪৬টি টাইটেলড গৃহস্থালী-এর মধ্যে ৩৭টি টাইটেলড গৃহস্থালীর (৮০.৪৩%) স্থানান্তরের প্রয়োজন, বিপরীতে ৯টি টাইটেলড গৃহস্থালী-এর স্থানান্তরের প্রয়োজন নেই। পঁচিশটি টাইটেলড গৃহস্থালী ক্ষতিপূরণ এবং পুনর্বাসন সুবিধাদির প্রাপ্ত অর্থ ব্যয় করে স্ব-স্থানান্তর এবং পুনর্বাসনের অপশন (পথ/পছন্দ) বেছে নিয়েছে; ৭ টি টাইটেলড গৃহস্থালী ক্ষতিগ্রস্ত প্রতিবেশীদের সাথে গুচ্ছ পদ্ধতিতে স্ব-গোষ্ঠী-স্থানান্তর অপশন (পথ/পছন্দ) বেছে নিয়েছে, ৪ টি টাইটেলড গৃহস্থালী প্রকল্প ব্যবস্থাপনার মাধ্যমে স্থানান্তরের অপশন (পথ/পছন্দ) বেছে নিয়েছে; এবং ১টি টাইটেলড গৃহস্থালী পুনর্বাসন সাইটে স্থানান্তর এবং পুনর্বাসনের অপশন (পথ/পছন্দ) বেছে নিয়েছে। উল্লেখ্য যে, অতিরিক্ত সংখ্যক গৃহস্থালীগুলির ক্ষতিগ্রস্ত হওয়া এড়ানোর জন্যে এই প্রকল্পে পুনর্বাসন সাইট স্থাপনের কোনও ব্যবস্থা নেওয়া হয় নাই। ৪টি ক্ষতিগ্রস্ত আবাসিক নন-টাইটেলড গৃহস্থালী প্রকল্প ব্যবস্থাপনার মাধ্যমে পুনর্বাসনের পন্থা বেছে নিয়েছে (সারণী ৪-৬)।

২২. **ক্ষতিগ্রস্ত বাণিজ্যিক প্রাঙ্গণ এবং ব্যবসা স্থানান্তর:** একটি শুমারি এবং আইওএল জরিপের ফলাফল অনুসারে, মোট ১৭১ টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালী ব্যবসা হারাবে। ক্ষতিগ্রস্ত ১৭১ টি গৃহস্থালী-এর মধ্যে ১০৮টি নন-টাইটেলড গৃহস্থালী (৬৩.১৬%) তাদের ব্যবসা এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের (আরএইচডি) জমিতে নির্মিত বাণিজ্যিক জায়গা হারাবে। মোট ৬০টি টাইটেলড গৃহস্থালী বাণিজ্যিক জমি, প্রাঙ্গণ এবং ব্যবসা হারাবে। এছাড়াও, ৩টি ক্ষতিগ্রস্ত অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালী দখলকৃত জমি, অবকাঠামো এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান হারাবে (সারণী ৪-৭)। ১৭১টি ক্ষতিগ্রস্ত গৃহস্থালীর কাছে তাদের স্থানান্তরের পছন্দ জানতে যোগাযোগ করা হয়েছিল। ৬০টি ক্ষতিগ্রস্ত টাইটেলড গৃহস্থালী-এর ব্যবসার মধ্যে, ৪৩টি (৭১.৬৭%) স্থানান্তর প্রয়োজন, অন্যদিকে ১৭টি টাইটেলড গৃহস্থালীর (২৮.৩৩%) বাণিজ্যিক জায়গা স্থানান্তরের প্রয়োজন নেই। মোট ১০৮টি নন-টাইটেলড গৃহস্থালীর বাণিজ্যিক জায়গা স্থানান্তরের প্রয়োজন হবে। তিনটি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালী-এর মধ্যে, ২টি (৬৬.৬৭৭%) অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালীর স্থানান্তর প্রয়োজন, যারা ক্ষতিপূরণ এবং পুনর্বাসন সুবিধাদির প্রাপ্ত অর্থ ব্যয় করে স্ব-স্থানান্তরের মাধ্যমে স্থানান্তর পন্থা বেছে নিয়েছে (সারণী ৪-৭)।

২৩. **ক্ষতিগ্রস্ত আবাসিক-কাম-বাণিজ্যিক কাঠামোর স্থানান্তর:** শুমারি এবং আইওএল-এর ফলাফল অনুসারে, আবাসিক-কাম-বাণিজ্যিক অবকাঠামো অধিগ্রহণের কারণে ৪৯টি টাইটেলড গৃহস্থালী, ১ টি নন-টাইটেলড গৃহস্থালী এবং ৩টি অনুপ্রবেশকারী/আগতদখলকারী গৃহস্থালী সহ মোট ৫৩টি গৃহস্থালী ক্ষতিগ্রস্ত হবে। ২৭টি গৃহস্থালীর স্থানান্তর প্রয়োজন হবে। ২৪ টি টাইটেলড গৃহস্থালী, ১ স্কোয়াটার ও ২টি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালী-যাদের স্থানান্তর প্রয়োজন। ২৪টি ক্ষতিগ্রস্ত টাইটেলড গৃহস্থালীর স্থানান্তর করার প্রয়োজন, যার মধ্যে ১৮টি গৃহস্থালী ক্ষতিপূরণ এবং পুনর্বাসন সুবিধাদির জন্য যে অর্থ পাবে তা ব্যয় করে স্ব-স্থানান্তরের অপশন/পছন্দ বেছে নিয়েছে; ৩টি গৃহস্থালী একটি গুচ্ছ/ক্লাস্টার পদ্ধতিতে ক্ষতিগ্রস্ত প্রতিবেশীদের সাথে স্ব-গোষ্ঠী ও স্ব-স্থানান্তরের অপশন বেছে নিয়েছে; ২ টি গৃহস্থালী প্রকল্প পরিচালনার মাধ্যমে স্থানান্তর এবং পুনর্বাসনের অপশন/পন্থা বেছে নিয়েছে; এবং ১টি গৃহস্থালী পুনর্বাসন সাইটে স্থানান্তর এবং পুনর্বাসনের অপশন বেছে নিয়েছে। উল্লেখ্য যে, অতিরিক্ত সংখ্যক গৃহস্থালীর ক্ষতিগ্রস্ত হওয়া এড়ানোর জন্যে এই প্রকল্পে পুনর্বাসন সাইট স্থাপনের কোনও ব্যবস্থা নেওয়া হয় নাই। ক্ষতিগ্রস্ত ২টি অনুপ্রবেশকারী/আগত দখলকারী গৃহস্থালী প্রকল্প ব্যবস্থাপনার মাধ্যমে গৃহীত পুনর্বাসনের পন্থা বেছে নিয়েছে। আবাসিক এবং ব্যবসায়িক উভয় জায়গার স্থানচ্যুতি এবং স্থানান্তরের বিষয়ে মৌজা-ভিত্তিক বিস্তারিত তথ্য সারণি ৪-৪-এ উপস্থাপন করা হয়েছে।

২৪. জমির স্বত্বাধিকারী(টাইটেলড)সমস্ত ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিকরা তাদের অবকাঠামো এবং জমির জন্য নগদ ক্ষতিপূরণ পন্থা পছন্দ করেন, যা স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অইন ২০১৭ এর সাথে সামঞ্জস্যপূর্ণ। অন্যদিকে, ক্ষতিগ্রস্ত স্কোয়াটারদের তাদের ক্ষতিগ্রস্ত অবকাঠামোর জন্য আরএইচডি থেকে প্রতিস্থাপন মূল্য (আরভি) বা প্রতিস্থাপন খরচ (আরসি) দেওয়া হবে। । এছাড়া, ৫ (পাঁচ)টি ক্ষতিগ্রস্ত কমিউনিটি প্রপার্টি রিসোর্স (CPRs), এবং ৬ (ছয়)টি অন্যান্য সত্তা রয়েছে। একটি CPR এবং ৬টি অন্যান্য সত্তার স্থানান্তরের প্রয়োজন হবে না (সারণী ৪-৫)।

## ট. আয় ও জীবিকা প্রত্যর্পণ/পুনঃপ্রতিষ্ঠা পরিকল্পনা

২৫. চিহ্নিত ক্ষতিগ্রস্ত দুর্বল গৃহস্থালীগুলিকে জীবিকা ও আয় পুনরুদ্ধারের জন্য অতিরিক্ত সহায়তা দেওয়া হবে। অধ্যায়-৪-এর ধারা 8.8-এ স্বল্পমেয়াদী আয় ও জীবিকা পুনরুদ্ধার কর্মসূচির বিষয়ে পরামর্শ দেওয়া হয়েছে।

## ঠ. অভিযোগ নিষ্পত্তির কৌশলপত্র

২৬. প্রকল্পে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের জন্য অভিযোগ নিষ্পত্তি কমিটি (জিআরসি) দু'টি স্তরে প্রতিষ্ঠা করা হয়েছে: (ক) মাঠ পর্যায়ে এবং (খ) প্রকল্প পর্যায়ে; যৌন নির্যাতন/শোষণ ও নিপিড়ন/যৌন হয়রানি এবং শ্রমিকের স্বাস্থ্য নিরাপত্তা সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি কমিটি সহ ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের জন্য মাঠ পর্যায়ে ও প্রকল্প পর্যায়ে দুটি অভিযোগ নিষ্পত্তি কমিটি (GRC)প্রতিষ্ঠা করা হয়েছে (অধ্যায়-৪ এর ধারা ৪.৫ এবং ৪.৫.৭)।

## ড. পুনর্বাসন ব্যয় ও বাজেট

২৭. মোট আনুমানিক ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বাজেট ৫,২০০,২৫৪,৫৪৯ টাকা (পাঁচশ বিশ কোটি দুই লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত উনপঞ্চাশ মাত্র)। আনুমানিক ভূমি অধিগ্রহণ এবং পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বাজেট যথাক্রমে ৫,০০৪,২২৫,০৩৭ টাকা এবং ১৯৩,১২১,৯১২ টাকা (টেবিল ৪-১৭ দেখুন)।

## ঢ. আরএপি বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক কাঠামো

২৮. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীনে আরএইচডি এর প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) হল বাস্তবায়নকারী সংস্থা (ইএ)। পিআইইউর প্রধান হচ্ছেন প্রকল্প পরিচালক (পিডি)। পিআইইউ-তে অতিরিক্ত প্রকল্প পরিচালক (এপিডি) হিসাবে একই স্তরে প্রধান পুনর্বাসন কর্মকর্তার (সিআরও) পদ থাকবে। প্রধান পুনর্বাসন কর্মকর্তা হিসেবে পুনর্বাসন কার্যক্রমের সমন্বয়, পরিকল্পনা, পরিবীক্ষণ ও প্রতিবেদন প্রণয়নের দায়িত্ব পালন করবেন। মাঠ পর্যায়ে সিআরওকে প্রজেক্ট ম্যানেজার (পিএম) রিসেটেলমেন্ট অফিসার (আরও) হিসাবে এবং ডেপুটি প্রজেক্ট ম্যানেজার (ডিপিএম) ফিল্ড অফিসার (এফও) হিসাবে এবং প্রয়োজনীয় অন্যান্য মাঠ কর্মী সহায়তা করবে। ইতোমধ্যে একটি আইএনজিও নিয়োগ করা হয়েছে। প্রকল্পের কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর অধীনে একটি সামাজিক সুরক্ষা দল থাকবে। তারা পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কাজের তত্ত্বাবধানের জন্য দায়ীত্বপ্রাপ্ত থাকবে।

## ণ. পরিবীক্ষণ ও মূল্যায়ন

২৯. অনিচ্ছাকৃত পুনর্বাসনের কার্যকর ও দক্ষ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য, একটি অভ্যন্তরীণ পরিবীক্ষণ ব্যবস্থার পরিকল্পনা করা হয়েছে। পিআইইউ-এর নির্দেশনায় আইএনজিও একটি পদ্ধতিগত এবং ধারাবাহিকভাবে পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নের উপর পরিবীক্ষণের জন্য তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করবে। আইএনজিও একটি কমপ্লায়েন্স পরিবীক্ষণ এবং মূল্যায়ন (এমএবংই) রিপোর্ট তৈরি করবে। থার্ড পার্টি এক্সটার্নাল পরিবীক্ষণ টিম পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নে অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন যাচাই ও যুক্তিগ্রাহ্য করবে।

৩০. পিআইইউ পর্যায়ক্রমে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করবে এবং যখনই প্রয়োজন হবে পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি মূল্যায়ন করবে। পিআইইউ-এর একজন প্রতিনিধি অভিযোগ নিষ্পত্তি কমিটি (জিআরসি) এর আহ্বায়ক (প্রকল্প ব্যবস্থাপক/অতিরিক্ত প্রকল্প পরিচালক) হিসেবে কাজ করবেন। সম্পত্তি মূল্যায়ন উপদেষ্টা কমিটি (পিভিএসি) এবং আরএইচডি কর্তৃক নিযুক্ত জয়েন্ট ভেরিফিকেশন কমিটি (জেভিসি) চূড়ান্ত ক্ষতিপূরণের মূল্য নির্ধারণ করবে এবং অনুমোদিত পুনর্বাসন কর্মপরিকল্পনার এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স অনুযায়ী ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রদানের জন্য তা যাচাই করবে।

## ত. আরএপি বাস্তবায়নে যে সমস্ত পদক্ষেপসমূহ নিতে হবে

৩১. কার্যকরভাবে আরএপি বাস্তবায়নের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করার পরামর্শ দেওয়া হচ্ছে:

- পুনর্বাসন কর্মপরিকল্পনা বাস্তবায়নের সাথে জড়িত আরএইচডি এর প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) এর মূল কর্মকর্তাদের জন্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম এবং প্রশিক্ষণ কর্মসূচী নেয়া হবে। কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট (সিএসসি) এর সংশ্লিষ্ট কর্মীদের পদায়ন করার আগে প্রশিক্ষণ দেওয়া হবে।
- আইএনজিও ডিসি, আরএইচডি এবং ক্ষতিগ্রস্ত মালিকদের ক্ষতিগ্রস্ত সম্পত্তিগুলির যৌথ যাচাইয়ের কাজকে সহজতর করতে সহায়তা করবে।
- আরএইচডি, সময়মত এবং নিরপেক্ষভাবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রাপ্তি নিশ্চিত করবে এবং আইএনজিও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সহায়তা প্রাপ্তি নিশ্চিতকরণে দায়িত্ব পালন করবে।
- ক্ষতিগ্রস্ত সম্পত্তির যৌথ যাচাইকরণ এবং জমি, অবকাঠামো, গাছ, ফসল এবং মৎস্য সম্পদের আনুমানিক বাজার মূল্য যাচাইয়ের সময় আইএনজিও; সওজ (পিআইইউ), যশোরের জেলা প্রশাসক (ডিসি), বন বিভাগ (এফডি), গণপূর্ত বিভাগ (পিডাবলুডি), কৃষি সম্প্রসারণ বিভাগ (ডিএই), কৃষি বিপণন বিভাগ (ডিএএম), মৎস্য বিভাগ (ডিওএফ) এবং প্রকল্প কর্তৃক ক্ষতিগ্রস্ত জনগণকে সহায়তা এবং কাজকে সহজ করবে।
- আরএইচডি যশোর পৌরসভার মেয়র এবং যশোর সদর উপজেলার ওয়ার্ড সদস্য এবং জেলা প্রশাসকদের আরএপি বাস্তবায়ন সম্পর্কিত প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করবে।

৩২. সড়ক ও জনপথ অধিদপ্তর (আরএইচডি),নির্মাণ তদারকি পরামর্শক সংস্থা (সিএসসি) ও পুনর্বাসন বাস্তবায়নকারী সংস্থা (আইএনজিও) এবং পুনর্বাসন কর্মপরিকল্পনা (আরএপি)-এর এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স অনুসারে ঝুঁকিপূর্ণ ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রদানের জন্য কাজ করবে। প্রকল্পের ফলে আয়, জীবিকা বা সম্পদ হারানোর কারণে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় সবচেয়ে কম সক্ষম ব্যক্তিদের যে কষ্টের সম্মুখীন হতে হয় তা এড়াতে প্রচেষ্টা চালানো হবে।



Office of the Project Director (ACE,RHD) WeCARE Phase-1 Allenbari, Tejgaon, Dhaka